তারিখ ... 04 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

সংবাদ

গলাচিপায় দ. চরবিশ্বাস স. স্কুল

# শিক্ষকের মারধর আতঙ্কে শিক্ষার্থীরা

প্রতিনিধি, গলাচিপা (পটুয়াখালী)

পটুয়াখালীর গলাচিপা উপজেলা দক্ষিণ চরবিশ্বাস সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এক শিক্ষকের বিরুদ্ধে ছাত্রছাত্রীদের বেত্রাঘাত, শারীরিক নির্যাতন, কানধরে টেবিলের নিচে মাথা দিয়ে ঘণ্টার পর ঘণ্টা নুয়ে থাকতে বাধ্য করা, অভিভাবকদের সাথে অশালীন আচরণ করার অভিযোগ উঠেছে। গত ২৮ এপ্রিল দ্বিতীয় শ্রেণীর ছাত্রী সাথী আক্তারকে বেধড়ক পেটান ওই শিক্ষক। এতে সাথী অসুস্থ হয়ে পড়লে প্রথম সাময়িক পরীক্ষায় দিতে পারেনি। এছাড়া একই শ্রেণীর ছাত্রী মিলি, পঞ্চম শ্রেণীর ছাত্রী মাহিয়াসহ অনেককে বেঞ্চের নিচে মাথা দিয়ে পড়া আদায়ের নামে নির্যাতন করা হয়। শাহিনুর বেগম নামে এক অভিভাবক এ বিষয় ওই শিক্ষক তাহের গাজীর নিকট এর প্রতিবাদ করলে তাকে অকথ্য ভাষায় গালিগালাজ করে স্কুল থেকে বের করে দেয়া হয়। শাহিনুর বেগম অভিযোগ করেন, তাহের গাজী নব্য সরকারি (সাবেক রেজিঃ প্রাথমিক) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ছিলেন। প্রায় তিন সপ্তাহ আগে কর্তৃপক্ষ তাকে দক্ষিন চরবিশ্বাস প্রাথমিক বিদ্যালয়ে প্রেষনে নিয়োগ দেন। এরপর থেকেই তিনি প্রতিদিন হরহামেশা শিক্ষার্থীদের নির্যাতন করছেন। তিনি এলাকার প্রভাবশালী পরিবারের লোক হওয়ায় তার বিরুদ্ধে প্রকাশে কেই কথা বলতে সাহস পান না। তবে অভিযুক্ত শিক্ষক তাহের গাজী এসব অভিযোগ অস্বীকার করেন। তবে এ শিক্ষকের বিরুদ্ধে গত ২ মে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবরে এলাকাবাসীর পক্ষ থেকে লিখিত অভিযোগ করা হয়েছে। যোগাযোগ করা হলে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আ. ছত্তার জোমাদ্দার জানান, অভিযোগ পেয়েছি। সংশ্লিষ্ট ক্লাসারের সহকারী শিক্ষা কর্মকর্তা জামাল হোসেনকে বিষয়টি সরেজমিন তদন্ত করে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেয়া হয়েছে। সত্যতা পেলে বিধি অনুযায়ী প্রয়োজন আইনানুগ ব্যবস্থা নেয়া হয়।